

রয়ে যাবে সময়

অমল চৌধুরী শিল্পী মানে ছবি আঁকে
এখন আমার ঘরে বর্তমানে ব'সে
যেমতি মোমের বাতি আমার ঘরেই
এসেছে তেমতি সেও। অমলের গায়ে
একটি রঙীন জামা, সে পরেছে প্যান্ট।
সে এখনি চলে যাবে বাতির শিখার
মতন কঙ্কনালোকে। কঙ্কনালোকেও
বেঁচে থাকে মানুষের।। আমি একা একা
ঘরে রয়ে যাব যথা দিনের বেলায়
সূর্যদেব রয়ে যায় কিন্তু যথা কবি
কবিতায় রয়ে যায়।। অমল গেলেই
আমার খাবার বেলা হয়ে যাবে, আমি
ঘরে রয়ে যাব আর আমার সহিত
ও গাঢ় অন্ধকার।

বিনয় মজুমদার

